

করোনা প্রতিরোধে বরিশালের ইয়ুথ লিডারদের অনলাইন কার্যক্রম

ইয়ুথ এন্ডিং হাঙ্গার বরিশাল অঞ্চলের সদস্যরা করোনা ভাইরাস প্রতিরোধে অনলাইনে বিভিন্ন প্রচারণামূলক কার্যক্রমে সক্রিয় রয়েছেন। একইসাথে করোনা সংকটের এই সময়ে মানুষ যাতে প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত না হয়, সে লক্ষ্যেও কাজ করছেন তারা। জ্বর, সর্দি, কাশি হলে সাধারণ মানুষ যাতে বাসায় বসেই যাতে ডাক্তারদের কাছ থেকে ফোনের মাধ্যমে পরামর্শ নিতে পারে সেজন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজের ডাক্তারদের সাথে যোগাযোগ করে তাদের অনুমতি নিয়ে ডিজিটাল প্রচারপত্র তৈরি করেছেন ইয়ুথ লিডাররা। এই প্রচারপত্র সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপকভাবে ছড়িয়ে দেওয়ার মাধ্যমে অসংখ্য মানুষের কাছে পৌঁছে দেওয়া হচ্ছে। তারা করোনা পরিস্থিতির হালনাগাদ তথ্য নিয়ে প্রতিদিন ইনফোগ্রাফ তৈরি করে প্রচার করছেন। এছাড়াও করোনা ভাইরাস কীভাবে ছড়ায়, নিরাপদ থাকতে করণীয়, প্রয়োজনীয় খাদ্য ও পুষ্টি ইত্যাদি বিষয়ে জনসচেতনতা সৃষ্টি করতে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞদের ভিডিও বার্তা সামাজিক মাধ্যমে প্রচার করছেন

#COVID-19

শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল

সর্দি, কাশির রোগীদের মোবাইলের মাধ্যমে চিকিৎসার জন্য নিম্নবর্ণিত মোবাইল নম্বরে যোগাযোগ করুন।

ডাঃ মোঃ নূরুন্নাহারী ভূঁইয়ন (মে. ও. বিটিসি) → ০১৮১৬৪৯২৬৩৫

ডাঃ শিরিন সাব্বিহা (মে. ও. বিটিসি) → ০১৮১১৪১০৭৯৫

ডাঃ সৌরভ সূতার (আইসিএস, সার্ভিস) → ০১৭২২৭১৭১৮৮

ডাঃ মোঃ মাসরুফুল ইসলাম (আইসিএস, অর্থ-ইন্সপেক্টর) → ০১৭৬৬২৭০৬৮০

ডাঃ কানিজ ফাতেমা (আইসিএস, পাবলিশ) → ০১৭২৫৩৭৯৭৫৪

ডাঃ আলী আহমেদ (আইসিএস, নার্স কন মাস্টার) → ০১৭১১২৩১৩৮৯

ডাঃ রমজান আলী (আইসিএস, মেডিসিন) → ০১৭২৮৫৫৮১৯৬

স্বাস্থ্য বাতায়ন : ১৬২৬৩

প্রচারনায়

ইয়ুথ এন্ডিং হাঙ্গার-বরিশাল অঞ্চল

এই অঞ্চলের ইয়ুথরা লিডাররা। ইয়ুথ এন্ডিং হাঙ্গার বরিশাল অঞ্চলের ফেসবুক পেজ এবং ইয়ুথ লিডারদের ব্যক্তিগত একাউন্ট থেকে এসব তথ্য নিয়মিত প্রচার করা হচ্ছে। এসব কাজে সক্রিয় ভূমিকা রাখছেন বরিশাল, পটুয়াখালী, বরগুনা, ভোলা এবং ঝালকাঠির ইয়ুথ লিডাররা।

নিজের গ্রাম, দায়িত্বও নিজের

করোনা সংকটের এই সময়ে গাংনী উপজেলার ইয়ুথ এন্ডিং হাঙ্গারের সদস্যরা অতিদরিদ্র মানুষদের মধ্যে খাদ্যসামগ্রী বিতরণের পাশাপাশি কাজ করছেন গ্রামের রাস্তা সংস্কারের। এলাকার সুশীল সমাজ ও গণ্যমান্য ব্যক্তিদের সহযোগিতায় গত ১২ মে কাথুলী ইউনিয়নের রাখাগোবিন্দপুর গ্রামের ১০টি পরিবারের মধ্যে চার কেজি চাল, আধা কেজি ডাল, এক কেজি আলু, আধা লিটার তেল, তিন কেজি সবজি ও একটি সাবানসহ

খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। এ সময় ইয়ুথ সদস্যরা দেখেন, বৃষ্টির কারণে গ্রামের রাস্তা চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। তাৎক্ষণিক সিদ্ধান্ত নিয়ে স্থানীয় গ্রাম উন্নয়ন দলের (ভিডিটি) আর্থিক সহায়তা নিয়ে স্বেচ্ছাশ্রমের মাধ্যমে রাস্তা মেরামত করেন ইয়ুথ সদস্যরা।



ইয়ুথ সদস্য আব্দুল্লাহ আল-মামুনের নেতৃত্বে কার্যক্রম দু'টি বাস্তবায়নে ভূমিকা রাখেন মোঃ নাসিম, মোঃ ফজলুল হক, মোঃ আলামত আলী প্রমুখ। মামুন বলেন, আমরা আমাদের

গ্রামকে সুরক্ষিত রাখতে না পারলে আমরা নিজেরাও সুরক্ষিত থাকতে পারবো না। করোনাভাইরাসের কারণে সৃষ্ট বর্তমান সংকট মোকাবেলায় জন্য আমাদের এ ধরনের কার্যক্রম অব্যাহত থাকবে।

প্রতিবেদন: অধীশ দাশ

মানুষের পাশে জুলেখা

জুলেখা খাতুন ইয়ুথ এন্ডিং হাঙ্গার রাজশাহী অঞ্চলের অন্যতম ইয়ুথ লিডার। সংগঠনে নেতৃত্ব দেওয়ার পাশাপাশি বিভিন্ন সামাজিক উদ্যোগ বাস্তবায়নে অগ্রণী ভূমিকা পালন করে আসছেন। কোভিড-১৯ মহামারি শুরুতে তিনি উপলব্ধি করেন, তার এলাকার নিম্ন আয়ের মানুষের করোনাভাইরাস মোকাবেলার জন্য সুবক্ষাসামগ্রী ক্রয়ের সক্ষমতা নেই। এরকম অতিদরিদ্র মানুষদের সহায়তার জন্য তিনি স্বাস্থ্য অধিদপ্তরের অনুমোদিত তিন স্তর বিশিষ্ট কাপড়ের মাস্ক তৈরি ও বিতরণের উদ্যোগ নেন। গত ১০ মে তিনি নিজের হাতে তৈরি করা ১৫০টি মাস্ক রাজশাহী



শহর এলাকার অসহায় মানুষদের মধ্যে বিতরণ করেন। এ সময় তিনি করোনাভাইরাস থেকে সুরক্ষিত থাকতে অত্যাবশ্যক স্বাস্থ্যবিধি সম্পর্কে ধারণা প্রদান করেন।